গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা বীজ প্রত্যয়ন অফিসারের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
ঠাকুরগাঁও

স্মারক নং- ১২.০৪.৯৪০০.০০৬.৬৯.০০১.২০২৩-

তারিখঃ ২০/০৪/২০২৬ খ্রিঃ

বিষয়ঃ বীজআলুর টিস্যু কালচার ল্যাবরেটরির নিবন্ধন ও উৎপাদিত প্লান্টলেট/মাইক্রো-টিউবারের বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক প্রত্যয়ন ট্যাগ গ্রহন সংক্রান্ত।

সূত্রঃ (১) বীজআলুর টিস্যু কালচার ল্যাবরেটরি স্থাপন, মূল্যায়ন এবং নিবন্ধন নির্দেশিকা ২০১৯।
(২) জাতীয় বীজ বোর্ডের ৯৬তম সভা, নম্বরঃ১২.০০.০০০০.০৯৮.১৭.০০১.০৪.৬৩৭; তারিখঃ৩০/০৫/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বীজআলুর টিস্যু কালচার ল্যাবরেটরি স্থাপন, মূল্যায়ন এবং নিবন্ধন নির্দেশিকা ২০১৯ এর ১(১) এবং ৭(১) নং বিধি মোতাবেক যেসব সরকারি/বেসরকারী প্রতিষ্ঠান টিস্যু কালচার ল্যাবরেটরির মাধ্যমে প্লান্টলেট/মাইক্রোটিউবার উৎপাদনের সাথে জড়িত তাদেরকে অতিদ্রুত সচিব, জাতীয় বীজ বোর্ড ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয় থেকে ল্যাবরেটরির নিবন্ধন সনদ গ্রহন করতে হবে এবং উৎপাদিত প্লান্টলেট/মাইক্রো-টিউবারের বীজ প্রত্যয়ন এজেন্সী থেকে প্রত্যয়ন ট্যাগ গ্রহন করতে হবে অন্যথায় পরবর্তী উৎপাদন বর্ষ থেকে প্লান্টলেট/মাইক্রো-টিউবার থেকে উৎপাদিত মিনিটিউবারের কোন ধরনের প্রত্যয়নপত্র প্রদান করা হবে না।

সংযুক্তিঃ বীজআলুর টিস্যু কালচার ল্যাবরেটরি স্থাপন, মুল্যায়ন এবং নিবন্ধন নির্দেশিকা সংক্রান্ত বাংলাদেশ গেজেট- ডিসেম্বর ১১, ২০১৯।

২০/৪/২০২৬

মোঃ আনিছুর রহমান
জেলা বীজ প্রত্যয়ন অফিসার
টেলিফোনঃ ০২৫৮৯৯৩১১০৩

প্রাপক,
জায়ান্ট এগ্রো প্রসেসিং লিঃ, ভুল্লী, ঠাকুরগাঁও / কেমিস্ট এগ্রোবায়োটেক, দৌলতপুর, ঠাকুরগাঁও/ ইজাব এগ্রো লিঃ, ইজাব ফ্লোরা ইউনিট টাওয়ার ৪২, মহাখালী, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ
১। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১
২। আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, রংপুর অঞ্চল, রংপুর।
২। অফিস কপি

CamScanner

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বীজ অনুবিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪২৬/০৫ ডিসেম্বর ২০১৯

নম্বর : ১২.০০.০০০০.০৯৮.১৭.০০১.০৪.৬৩৭—গত ৩০.০৫.২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৯৬-তম সভায় সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে টিস্যু কালচারের মাধ্যমে রোগমুক্ত মানসম্পন্ন বীজ আলু উৎপাদন কার্যক্রম জোরদার করিবার জন্য সরকার "বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি স্থাপন, মূল্যায়ন এবং নিবন্ধন নির্দেশিকা" প্রণয়ন করিয়াছে। এ লক্ষ্যে পূর্ববর্তী "বাংলাদেশে বীজ আলু উৎপাদনের লক্ষ্যে টিস্যু কালচার ল্যাবরেটরি স্থাপন ও পরিচালনা সংক্রান্ত গাইডলাইন"-এর প্রজ্ঞাপন বাতিলপূর্বক "বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি স্থাপন, মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা"-এর প্রজ্ঞাপন সকলের অবগতি ও অনুসরণের জন্য জারি করা হইল। 'বীজ আইন, ২০১৮' ও জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্তের পরিপন্থি না হইলে বীজ আলুর ল্যাবরেটরি নিবন্ধনের জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

## বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি স্থাপন, মূল্যায়ন এবং নিবন্ধন নির্দেশিকা

আলু একটি গুরুত্বপূর্ণ খাদ্য ফসল। বাংলাদেশসহ এশিয়া মহাদেশের বিভিন্ন দেশে আলু প্রধানত সবজি হিসাবে ব্যবহৃত হইলেও শীত প্রধান দেশে এটি প্রধান খাদ্য হিসাবে বিবেচিত হইয়া থাকে। তুলনামূলকভাবে অধিক ফলন, স্বল্প জীবনকাল ও উচ্চ পুষ্টিমানের কারণে আলু বাংলাদেশে একটি গুরুত্বপূর্ণ ফসল হিসাবে স্থান দখল করিয়াছে। দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য পূরণে ও পুষ্টিহীনতা দূরীকরণে আলুর গুরুত্ব অপরিসীম। এই চাহিদা পূরণে ফলন বৃদ্ধি করা গুরুত্বপূর্ণ। আলুর



মূল্য : টাকা ২৪.০০

CamScanner

ফলন বৃদ্ধিতে মানসম্পন্ন রোগমুক্ত বীজ আলুর ব্যবহার অন্যতম ভূমিকা পালন করে। টিস্যু কালচারের মাধ্যমে রোগমুক্ত মানসম্পন্ন বীজ আলু উৎপাদন কার্যক্রম শুরু হওয়ায় দেশে আমদানি নির্ভরতা কমেছে। সরকারি প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, বেসরকারি প্রতিষ্ঠান এবং ব্যক্তি উদ্যোক্তাদের টিস্যু কালচার ল্যাবরেটরি তদারকি; ল্যাবরেটরিসমূহের মধ্যে সমন্বয়সাধন; দেশের মানসম্পন্ন টিস্যু কালচার ল্যাবরেটরি তালিকাভুক্ত করা; টিস্যু কালচার প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত বীজ আলুর গুণগতমান রক্ষা এবং রোগমুক্ত মানসম্পন্ন বীজ আলু উৎপাদন প্রযুক্তিকে উৎসাহিত করিবার জন্য নির্দেশিকাটি প্রণয়ন করা হইল।

১. সাধারণ নির্দেশনা :

(১) টিস্যু কালচার প্রযুক্তির মাধ্যমে বীজ আলু উৎপাদনের জন্য জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠান শুধুমাত্র নিবন্ধিত ল্যাবরেটরিসমূহকে প্রজনন বীজ সরবরাহ করিবে;

(২) বীজ প্রত্যয়ন এজেন্সি শুধুমাত্র এই নির্দেশিকার অধীন নিবন্ধিত ল্যাবরেটরিসমূহের টিস্যু কালচার প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত বীজ আলুর প্রত্যয়ন সনদ প্রদান করিবে;

(৩) সচিব, জাতীয় বীজ বোর্ড ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয় টিস্যু কালচার ল্যাবরেটরি মূল্যায়ন এবং নিবন্ধনের জন্য কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হইবেন;

(৪) কৃষি মন্ত্রণালয়ে নিবন্ধিত বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরিসমূহের তথ্য সংরক্ষিত থাকিবে। নিবন্ধিত ল্যাবরেটরিসমূহ তাহাদের টিস্যু কালচারের মাধ্যমে বীজ উৎপাদনের তথ্য কৃষি মন্ত্রণালয়ে সরবরাহ করিবে;

(৫) টিস্যুকালচারের মাধ্যমে বীজ আলু উৎপাদনের একটি পদ্ধতি Annexure: 1-7 এ দেওয়া হইলো।

২. নিবন্ধন প্রক্রিয়া :

(১) টিস্যু কালচার ল্যাবরেটরি মূল্যায়ন ও নিবন্ধনের জন্য সচিব, জাতীয় বীজ বোর্ড ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয় বরাবর নির্ধারিত ফরমে (ফরম-ক) আবেদন করিতে হইবে;

(২) আবেদনপত্র গৃহীত হইবার পর "বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি মূল্যায়ন কমিটি" ল্যাবরেটরি পরিদর্শন করিবে এবং বর্ণিত নম্বরের ভিত্তিতে ল্যাবরেটরি মূল্যায়ন করিয়া নিবন্ধনযোগ্য হইলে নিবন্ধনের জন্য সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয় বরাবর সুপারিশ প্রেরণ করিবে;

(৩) কমিটির সুপারিশ বিবেচনাপূর্বক জাতীয় বীজ বোর্ডের সচিব কর্তৃক আবেদনকৃত টিস্যু কালচার ল্যাবরেটরির নিবন্ধনের সনদপত্র প্রদান করা হইবে;

৩. নম্বর বন্টন :

(১) "বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি মূল্যায়ন কমিটি" ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে নিম্নবর্ণিতভাবে আবেদনকৃত টিস্যু কালচার ল্যাবরেটরি মূল্যায়ন করিবে:

(ক) অবকাঠামো-৫০ নম্বর (ল্যাবরেটরি সুবিধা-৩৫ এবং হার্ডেনিং ও নেট হাউজ সুবিধা- ১৫);

(খ) মান নিয়ন্ত্রণ- ৪০ নম্বর (ভাইরাস ইনডেক্সিং- ২০, ন্যূনতম মান- ২০); এবং

(গ) কারিগরি তত্ত্বাবধায়ন ও মূল্যায়ন-১০ নম্বর (স্টাফ- ৫ ও অপারেটর- ৫)।

CamScanner

৫. কমিটির কার্যপরিধি।—

(১) নির্দেশিকা অনুযায়ী বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি মূল্যায়ন এবং নিবন্ধনযোগ্য হইলে নিবন্ধনের জন্য সুপারিশ প্রদান;

(২) নিবন্ধনের জন্য পরিদর্শনকালে বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরির সমস্যাসমূহ চিহ্নিত করিয়া উহার মান উন্নয়নের জন্য সুপারিশ প্রদান;

(৩) কমিটি নিবন্ধিত বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি প্রয়োজনে যেকোনো সময়ে পরিদর্শন করিতে পারিবে এবং পরিদর্শনকালে নির্দেশিকা অনুযায়ী যথাযথ মানদণ্ড বজায় না থাকিলে, সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয় বরাবর উক্ত বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরির নিবন্ধন বাতিলের সুপারিশ প্রদান;

(৪) টিস্যু কালচার প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত বীজ আলুর বিষয়ে অভিযোগ উত্থাপিত হইলে অভিযোগ তদন্ত করিয়া সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয়-এর নিকট সুপারিশ প্রেরণ;

(৫) টিস্যু কালচার প্রযুক্তির মাধ্যমে বীজ আলু উৎপাদনে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিত করা এবং সমাধানের জন্য সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয়-এর নিকট সুপারিশ প্রদান;

(৬) দেশে মানসম্পন্ন ও রোগমুক্ত বীজ আলু উৎপাদনের জন্য করণীয় বিষয়ে সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয়-এর নিকট সুপারিশ প্রদান;

৬. কমিটির পরিদর্শন ও সভা।—

(১) বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি মূল্যায়ন কমিটির পরিদর্শন সভাপতি ও সদস্য সচিবসহ কমপক্ষে ৫জন সদস্যের প্রত্যক্ষ উপস্থিতিতে সম্পন্ন হইবে;

(২) সভাপতি বিশেষ অবদান রাখিতে সক্ষম এইরূপ কোনো বিশেষজ্ঞকে টিস্যু কালচার ল্যাবরেটরি পরিদর্শন অথবা কমিটির সভায় আমন্ত্রণ জানাইতে পারিবে;

(৩) সভাপতির সভাপতিত্বে কমিটির সভা অনুষ্ঠিত হইবে এবং কোনো বিষয়ে মতানৈক্য থাকিলে শুধুমাত্র সদস্যদের ভোটগ্রহণ সাপেক্ষে মীমাংসা হইবে;

(৪) কমিটির কোনো সদস্য অপারগ হইলে সভাপতির জ্ঞাতসারে তাঁহার পক্ষে ল্যাবরেটরি পরিদর্শন বা কমিটির সভায় অংশগ্রহণের জন্য একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করিতে পারিবে;

৭. টিস্যু কালচার প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত বীজ আলুর শ্রেণি ও উৎস।—টিস্যু কালচার প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত বীজ আলুর ৬টি শ্রেণি হইবে; যথা—

(১) প্লান্টলেট/মাইক্রো-টিউবার (Plantlet/Micro-Tuber)—প্লান্টলেট/মাইক্রো-টিউবার উৎপাদনের জন্য জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠান হইতে প্রজনন বীজ/প্লান্টলেট/মাইক্রো-টিউবার/মিনি-টিউবার সংগ্রহ করিতে হইবে। প্লান্টলেট/মাইক্রো-টিউবার এর ক্ষেত্রে বীজ প্রত্যয়ন এজেন্সি কর্তৃক অনুমোদিত পত্রই বীজ প্রত্যয়ন ট্যাগ হিসাবে বিবেচিত হইবে;

CamScanner